

প্রকাশ : ১৪ নভেম্বর ২০১৫, ০৯:০০:১২ | আপডেট : ১৪ নভেম্বর ২০১৫, ০৯:০১:১১

ই-কমার্স মেলায় ৪ টি সমঝোতা

বিবার্তা প্রতিবেদক:



লন্ডনে শুক্রবার শুরু হয়েছে ইউকে-বাংলাদেশ ২য় ই-কমার্স মেলা ২০১৫। পূর্ব লন্ডনের ওয়াটার লিলিত ব্যাঙ্কুয়েট হলে শুরু হওয়া এই মেলাটি চলবে শনিবার পর্যন্ত। মেলার প্রথম দিনেই ২ বিলিয়ন ডলারের বেশী বিনিয়োগ প্রত্যাশা নিয়ে স্বাক্ষরিত হয়েছে ৪ টি সমঝোতা স্মারক। ‘ডিজিটাল বাংলাদেশ : এ ল্যান্ড অব অপারচুনিটিজ’ স্লোগান দিয়ে বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ ও কম্পিউটার জগত যৌথভাবে এই মেলার আয়োজন করেছে। দ্বিতীয়বারের মতো লন্ডনে অনুষ্ঠিত মেলাটির উদ্বোধন করেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুলাইদ আহমেদ পলক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্রিটেনে নিযুক্ত বাংলাদেশের হাই-কমিশনার মো: আব্দুল হাল্লান, ব্রিটেনের অল পার্টি পার্লামেন্টারি গ্রুপের চেয়ার পল স্কেলী এমপি, বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আব্দুল মাতলুব আহমেদ, বাংলাদেশ হাই-টেক পার্কের ব্যবস্থাপনা পরিচালক হোসনে আরা বেগম, কম্পিউটার জগতের চিফ এক্সিকিউটিভ আব্দুল ওয়াহেদ তমাল প্রমথু। মেলার উদ্বোধনী অনুষ্ঠানের পরে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সাথে ৩টি প্রতিষ্ঠানের এবং আইসিটি ডিভিশনের সাথে ১টি প্রতিষ্ঠানসহ মোট ৪টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ হাই-টেক পার্কের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত ৩টি প্রতিষ্ঠান হলো (১) টেলিকম এশিয়া (২) সিমার্ক (বাংলাদেশ) লিমিটেড ও (৩) টেকশেড প্রাইভেট লিমিটেড। অপরপক্ষে আইসিটি ডিভিশনের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় পেজা বাংলাদেশ লিমিটেডের সাথে। সিঙ্গাপুর ভিত্তিক টেলিকম এশিয়ার প্রধান নির্বাহী মো: শাফায়েত আলম পেমেন্ট গেটওয়ে, ট্রিপল প্লে সলিউশন, আইটি ও কনসিউমার ইলেকট্রনিক্স প্রোডাক্ট এবং প্রাইভেট এসটিপি ইত্যাদি খাতে আগামী কয়েক বছরে ১ বিলিয়ন ডলার বিনিয়োগের আশাবাদ ব্যক্ত করে। সিমার্ক (বাংলাদেশ) লিমিটেড আইটি একাডেমী, সফটওয়্যার ও হার্ডওয়্যার খাতে ৫০-১০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রত্যাশা ব্যক্ত করেছেন। লন্ডন-ভিত্তিক আইটি প্রতিষ্ঠান টেকশেড প্রাইভেট লিমিটেড নতুন কম্পিউটার ব্রান্ড ‘ডিজ’ (ডেলটা গলফ) প্রস্তুতকরণের প্রত্যাশা জানিয়ে আগামী

দুই বছরে প্রাথমিকভাবে ৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের তথ্য জানালেও কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক তা আরো বাড়ানো হবে বলে সংকল্প ব্যক্ত করেন। বাংলাদেশী ফ্রি-ল্যান্সারদের বহুল-প্রতিষ্ঠিত অনলাইন পেমেন্ট গেটওয়ে সমস্যা সমাধানে পেজা বিডির সাথেও একই সাথে আরেকটি সমঝোতা স্বাক্ষর করে আইসিটি ডিভিশন। প্রাথমিকভাবে পেজা তাদের বিনিয়োগের পরিমাণ উল্লেখ না করলেও তা উল্লেখযোগ্য মাত্রার হবে বলে আশা প্রকাশ করেন পেজা'র সিনিয়র ভাইস চেয়ারম্যান নাদিমুর রহমান। সেই অনুযায়ী আগামী কয়েক বছরে এই বিনিয়োগ ২ বিলিয়ন পলার অতিক্রম করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। মেলা সম্পর্কে কম্পিউটার জগতের সিইও আব্দুল ওয়াহেদ তমাল জানান, বাংলাদেশ গত কয়েক বছরে ই-কমার্স খাতে অনেক অগ্রসর হয়েছে। সেই পরিসরকে আরও বাড়ানোর জন্য এই আয়োজন। দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত এই মেলায় দেশের ই-কমার্স খাতকে সংহত করবে। এবারের মেলার আয়োজন নিয়ে অ্যাপ্লিকেশন তৈরি করেছে মোবাইল অ্যাপ্লিকেশন নির্মাতা প্রতিষ্ঠান রেভারি ল্যাব মিমোসা। গুগল-প্লে বিজনেস ক্যাটাগরিতে 'ই-কমার্স ফেয়ার' অ্যাপ্লিকেশনটি অবমুক্ত করা হয়েছে। মেলার সকল তথ্য মিলবে অ্যাপের মাধ্যমে। দ্বিতীয় ইউকে-বাংলাদেশ ই-কমার্স মেলায় ৫০টির বেশি প্রতিষ্ঠান তাদের পণ্য ও সেবা প্রদর্শন করছে। এছাড়াও ৫ হাজার প্রফেশনাল তাদের অভিজ্ঞতা বিনিময় করবেন। মেলাতে ই-কমার্স ওয়েবসাইট, ই-গভ. সার্ভিস, ক্রেডিট কার্ড অ্যান্ড পেমেন্ট সার্ভিস, ব্যাংকিং সার্ভিস, ই-এডুকেশন, সফটওয়্যার অ্যান্ড হার্ডওয়্যার, রিয়েল এস্টেট, টেলিকম, কুরিয়ার বা ডেলিভারি সার্ভিস, এয়ারলাইন্স, ট্যুরিজম-ট্রাভেল অ্যান্ড হোটেল, ফ্যাশন হাউসসহ অন্যান্য ই-সেবা বিষয়ক প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। মেলা সকাল ১০টা থেকে রাত আটটা পর্যন্ত চলবে। বিবর্তা/উচ্ছল/পাভেল

সম্পাদক ও প্রকাশক : বানী ইয়াসমিন হাসি

Developed by **orangebd**

Print

৫০/১ পুরানা পল্টন লেইন (৫ম তলা), ঢাকা-১০০০, অফিস ফোন : ০১১৯২-১৫১১১৫,
Email:bbartanational@gmail.com, info@bbarta24.net